


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




মঙ্গলবার | ১ অক্টোবর ২০২৪ | www.edainikazadi.net রেজি, নং-চ-৫৪ | ৬৫তম বর্ষ ২৬ সংখ্যা | ১৬ আশ্বিন ১৪৩১ সাল | ২৭ রবিউল আউয়াল ১৪৪৬ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন ও অন্যরা*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ফল-২০২৪ সেশনের একাদশ ব্যাচের ওরিন্টেশন গত ২৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিভাগের কোঅর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর আহম্মেদ রাজীব চৌধুরী। প্রধান অতিথি বলেন, যখন থেকে মানবসমাজ সামাজিকভাবে বাস করতে শুরু করেছে, তখন থেকেই মানুষ সমাজ নিয়ে ভেবেছে। এই ভাবনাকেই আমরা বলতে পারি লোকজ্ঞান। সমাজকে বিশ্লেষণ করে যখন সমাজকে মানুষের জন্য ভালোভাবে বাসযোগ্য করার কথা ভাবা হয়েছে যুক্তিকে অবলম্বন করে, তখন থেকেই সমাজবিজ্ঞানের বিকাশ শুরু হয়েছে। ড. সেন বলেন, সমাজবিজ্ঞান একটি বিশাল বিষয়, যেখানে সংমিশ্রণ ঘটেছে অর্থনীতি, পৌরবিজ্ঞান, দর্শন, নৃ-বিজ্ঞান, ইতিহাস, নীতিশাস্ত্র ইত্যাদির। যেহেতু মানুষ সমাজে বাস করে, সেহেতু আজ প্রায় বিশ্বের সব বিশ্ববিদ্যালয়ে, যারা বিজ্ঞান, ব্যবসা-বিষয়, চিকিৎসা বিজ্ঞান ইত্যাদি বিষয় পড়ে তাদের জন্য সমাজবিজ্ঞান একটি অবশ্য-পাঠ্য বিষয়। কারণ প্রকৌশল বা চিকিৎসা বিজ্ঞান বা অন্যান্য পাঠযোগ্য বিষয় সবই তো সমাজের জন্য, সমাজের মানুষের প্রয়োজনে। স্বাগত বক্তব্য রাখেন একাদশ ব্যাচের অ্যাডভাইজার প্রভাষক জান্নাতুল ফেরদৌস। স্বাগত বক্তব্যে কোর্স কারিকুলাম বিষয়ে দিক-নির্দেশনা দেওয়া হয়। বিভাগের শিক্ষক আব্দুল্লাহ আল মোজাহিদ তাঁর বক্তব্যে সমাজতত্ত্ব পাঠের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন। প্রক্টর আহম্মেদ রাজীব চৌধুরী ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট মেনে চলার দিক-নির্দেশনা দেন। নতুনদের ফুল দিয়ে বরণ করে নেন দশম ব্যাচের শিক্ষার্থীরা। শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় সভাপতির বক্তব্যে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজতাত্ত্বিকদের বিভিন্ন আলোচনার মাধ্যমে সমাজতত্ত্ব কীভাবে মানবিক চিন্তাধারার ক্রমবিকাশে শিক্ষার্থীদের সহায়ক হবে সে বিষয়ে আলোকপাত করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 01 October 2024, Page: 3, Col: 7
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-10-1

চট্টগ্রাম মঙ্গলবার ১ অক্টোবর ২০২৪

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৩৯তম বর্ষ ২১৮তম সংখ্যা।। ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ।। ২৭ রবিউল আউয়াল ১৪৪৬ হিজরি।। Tuesday 1 October 2024

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

*প্রিমিয়ার ভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রাম*

## সমাজবিজ্ঞান একটি বিশাল বিষয়

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ফল-২০২৪ সেশনের একাদশ ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম গত রবিবার অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

বিভাগের কোঅর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর আহস্মেদ রাজীব চৌধুরী। প্রধান অতিথি ড. অনুপম সেন তাঁর বক্তব্যে বলেন, যখন থেকে মানবসমাজ যূথবদ্ধভাবে, সামাজিকভাবে বাস করতে শুরু করেছে, তখন থেকেই মানুষ সমাজ নিয়ে ভেবেছে। এই ভাবনাকেই আমরা বলতে পারি লোকজ্ঞান। সমাজকে বিশ্লেষণ করে যখন সমাজকে মানুষের জন্য ভালোভাবে বাসযোগ্য করার কথা ভাবা হয়েছে যুক্তিকে অবলম্বন করে, তখন থেকেই সমাজবিজ্ঞানের বিকাশ শুরু হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন একাদশ ব্যাচের এডভাইজার প্রভাষক জান্নাতুল ফেরদৌস। স্বাগত বক্তব্যে কোর্স কারিকুলাম বিষয়ে দিক-নির্দেশনা দেওয়া হয়। বিভাগের শিক্ষক আব্দুল্লাহ আল মোজাহিদ তাঁর বক্তব্যে সমাজতত্ত্ব পাঠের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন। প্রক্টর আহস্মেদ রাজীব চৌধুরী ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট মেনে চলার দিক-নির্দেশনা দেন। অনুষ্ঠানের শুরুতে নবীন শিক্ষার্থীদের পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়। নতুনদের ফুল দিয়ে বরণ করে নেন দশম ব্যাচের শিক্ষার্থীরা।

শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় সভাপতির বক্তব্যে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজতাত্ত্বিকদের বিভিন্ন আলোচনার মাধ্যমে সমাজতত্ত্ব কীভাবে মানবিক চিন্তাধারার ক্রমবিকাশে শিক্ষার্থীদের সহায়ক হবে সে বিষয়ে আলোকপাত করেন।-বিজ্ঞপ্তি




*প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন ও অন্যরা*

Ref: Daily Purbokone, Date: 01 October 2024, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-10-1

আস্থার সংবাদে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

মঙ্গলবার
চট্টগ্রাম
১ অক্টোবর ২০২৪
১৬ আশ্বিন ১৪৩১
২৭ রবিউল আওয়াল ১৪৪৬
বর্ষ-১২, সংখ্যা-২৭৭

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠা | ৭ টাকা

পাহাড়ধস রোধ ও পুনর্বাসন প্রশাসনের বড় চ্যালেঞ্জ | ৩
উপদেষ্টা ফারুক-ই-আজম বীর প্রতীক এবং বিজয়মেলা, একুশমেলা | ৪
নেপালে ভয়াবহ বন্যা-ভূমিধসে মৃত বেড়ে ১৭০ | ৬
সম্প্রীতির চট্টগ্রাম গড়ে তুলতে আমরা বদ্ধপরিকর | ৮




প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন

# সমাজবিজ্ঞান একটি বিশাল বিষয় : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ফল-২০২৪ সেশনের একাদশ ব্যাচের ওরিন্টেশন প্রোগ্রাম ২৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটির প্রক্টর আহম্মেদ রাজীব চৌধুরী। প্রধান অতিথি ড. অনুপম সেন বলেন, সমাজবিজ্ঞান একটি বিশাল

বিষয়। যখন থেকে মানবসমাজ যূথবদ্ধভাবে, সামাজিকভাবে বাস করতে শুরু করেছে, তখন থেকেই মানুষ সমাজ নিয়ে ভেবেছে। এই ভাবনাকেই আমরা বলতে পারি লোকজ্ঞান। সমাজকে বিশ্লেষণ করে যখন সমাজকে মানুষের জন্য ভালোভাবে বাসযোগ্য করার কথা ভাবা হয়েছে যুক্তিকে অবলম্বন করে, তখন থেকেই সমাজবিজ্ঞানের বিকাশ শুরু হয়েছে। আমরা খুব সুলিখিতভাবে সমাজ নিয়ে ভাবনার যুক্তি ও বিশ্লেষণের মাধ্যমে সমাজজীবনকে উন্নীত করার এবং এর মাধ্যমে ব্যক্তিজীবনকে উন্নীত করার প্রয়াস দেখতে পাই গ্রীক দার্শনিক প্লেটো, এরিস্টটল ইত্যাদি সমাজচিন্তকদের মধ্যে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন একাদশ ব্যাচের এডভাইজার প্রভাষক জান্নাতুল ফেরদৌস। স্বাগত বক্তব্যে কোর্স কারিকুলাম বিষয়ে দিক-নির্দেশনা দেওয়া হয়। বিভাগের শিক্ষক আব্দুল্লাহ আল মোজাহিদ তাঁর বক্তব্যে সমাজতত্ত্ব পাঠের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন। প্রক্টর আহম্মেদ রাজীব চৌধুরী ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট মেনে চলার দিক-নির্দেশনা দেন।

অনুষ্ঠানের শুরুতে নবীন শিক্ষার্থীদের পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়। নতুনদের ফুল দিয়ে বরণ করে নেন দশম ব্যাচের শিক্ষার্থীরা। শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় সভাপতির বক্তব্যে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজতাত্ত্বিকদের বিভিন্ন আলোচনার মাধ্যমে সমাজতত্ত্ব কীভাবে মানবিক চিন্তাধারার ক্রমবিকাশে শিক্ষার্থীদের সহায়ক হবে সে বিষয়ে আলোকপাত করেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 01 October 2024, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-10-01

চট্টগ্রাম • মঙ্গলবার • ১ অক্টোবর ২০২৪ • ১৬ আশ্বিন ১৪৩১ • ২৭ রবিউল আউয়াল ১৪৪৬ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ৪৫

২১ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ নেপাল-ভারত-বাংলাদেশ যুগান্তকারী চুক্তি হচ্ছে

৫ সুন্দর সমাজ প্রতিষ্ঠায় রসুলের (স.) আদর্শের বিকল্প নেই

৬ মিরাজকেই সাকিবের বিকল্প ভাবছেন নির্বাচকরা



**মহামায়া লেক সুরক্ষার দায়িত্ব কার**

১৯৯৯ সালে মহামায়া খালের ওপর স্লুইস গেট নির্মাণ করা হয়। পুরো প্রকল্প বাস্তবায়নে কোটি টাকা ব্যয় করা হয়।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ওরিন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন ও অন্যরা

# ‘সমাজবিজ্ঞান একটি বিশাল বিষয়’

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব এবং টেকসই উন্নয়ন বিভাগের ফল-২০২৪ সেশনের একাদশ ব্যাচের ওরিন্টেশন প্রোগ্রাম ২৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিভাগের কোঅর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটির প্রক্টর আহম্মেদ রাজীব চৌধুরী। প্রধান অতিথি ড. অনুপম সেন তাঁর বক্তব্যে বলেন, যখন থেকে মানব-সমাজ যূথবদ্ধভাবে, সামাজিকভাবে বাস করতে শুরু করেছে, তখন থেকেই মানুষ সমাজ নিয়ে ভেবেছে। এই ভাবনাকেই আমরা বলতে পারি লোকজ্ঞান। সমাজকে বিশ্লেষণ করে যখন সমাজকে মানুষের জন্য ভালোভাবে বাসযোগ্য করার কথা ভাবা হয়েছে যুক্তিকে অবলম্বন করে, তখন থেকেই সমাজবিজ্ঞানের বিকাশ শুরু হয়েছে। মেসোপটেমিয়া, মিশর, চীন, এই উপমহাদেশ এবং অনেক দেশে বিভিন্ন ধরনের রেখে যাওয়া বাণীর মধ্যে সমাজভাবনার সঙ্গে আমরা পরিচিত হই, যেমন, কোড অব হাম্মুরবি। আমরা খুব সু-লিখিতভাবে সমাজ নিয়ে ভাবনার যুক্তি ও বিশ্লেষণের মাধ্যমে সমাজজীবনকে উন্নীত করার এবং এর মাধ্যমে ব্যক্তিজীবনকে উন্নীত করার প্রয়াস দেখতে পাই গ্রীক দার্শনিক প্লেটো, এরিস্টটল ইত্যাদি সমাজচিন্তকদের মধ্যে। সম্পদ সৃষ্টির মধ্য দিয়ে জীবনকে অর্থপূর্ণ করার যে-প্রচেষ্টা, সেখানে মধ্যযুগের সমাজদার্শনিক ইবনে খলদুনের অবদানের কথাও স্বীকার করতে হয়। সপ্তদশ-অষ্টাদশ শতকে যখন মার্কেন্টালিস্টরা ভেবেছিলেন, একটি দেশের যত বেশি সোনা বা রূপো আছে, সে দেশই তত সম্পদশালী, তারও অনেক আগে চতুর্দশ শতকে খলদুন বলেছিলেন সম্পদ সৃষ্টি হয় কমোডিটি (প্রয়োজনীয় সামগ্রী) সৃষ্টির মাধ্যমে। তাঁর এই বক্তব্যই আজ সমাজবিজ্ঞানে প্রতিষ্ঠিত। ড. সেন বলেন, সমাজবিজ্ঞান একটি বিশাল বিষয়, যেখানে সংমিশ্রণ ঘটেছে অর্থনীতি, পৌরবিজ্ঞান, দর্শন, নৃ-বিজ্ঞান, ইতিহাস, নীতিশাস্ত্র ইত্যাদির। যেহেতু মানুষ সমাজে বাস করে, সেহেতু আজ প্রায় বিশ্বের সব বিশ্ববিদ্যালয়ে, যারা বিজ্ঞান, ব্যবসা-বিষয়, চিকিৎসা বিজ্ঞান ইত্যাদি বিষয় পড়ে তাদের জন্য সমাজবিজ্ঞান একটি অবশ্য-পাঠ্য বিষয়। কারণ প্রকৌশল বা চি-কিৎসা বিজ্ঞান বা অন্যান্য পাঠযোগ্য বিষয় সবই তো সমাজের জন্য, সমাজের মানুষের প্রয়োজনে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন একাদশ ব্যাচের এডভাইজার প্রভাষক জান্নাতুল ফেরদৌস। স্বাগত বক্তব্যে কোর্স কারিকুলাম বিষয়ে দিক-নির্দেশনা দেওয়া হয়। বিভাগের শিক্ষক আব্দুল্লাহ আল মোজাহিদ তাঁর বক্তব্যে সমাজতত্ত্ব পাঠের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন। প্রক্টর আহম্মেদ রাজীব চৌধুরী ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট মেনে চলার দিক-নির্দেশনা দেন। অনুষ্ঠানের শুরুতে নবীন শিক্ষার্থীদের পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়। নতুনদের ফুল দিয়ে বরণ করে নেন দশম ব্যাচের শিক্ষার্থীরা। শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় সভাপতির বক্তব্যে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজতাত্ত্বিকদের বিভিন্ন আলোচনার মাধ্যমে সমাজতত্ত্ব কীভাবে মানবিক চিন্তাধারার ক্রমবিকাশে শিক্ষার্থীদের সহায়ক হবে সে বিষয়ে আলোকপাত করেন। বিজ্ঞপ্তি

**প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব-টেকসই উন্নয়ন বিভাগের ওরিন্টেশন**

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 01 October 2024, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-10-1